দৈনিক
ইনকিলাব

তারিখ 26 SEP 2012
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ সম্মেলনে অধ্যক্ষ সমিতির সভাপতি

আ'লীগের সাড়ে ৩ বছরে ৫শ' অধ্যক্ষ ও ২ হাজার শিক্ষক চাকরিচ্যুত

বগুড়া অফিস

আ'লীগ ক্ষমতায় আসার পর গত সাড়ে তিন বছরে বগুড়াসহ সারাদেশের বেসরকারি কলেজে কর্মরত ৫ শতাধিক অধ্যক্ষ ও দুই হাজার শিক্ষককে বিএনপি- জামায়াত সমর্থক বলে চাকরিচ্যুত করা হয়েছে। ক্ষমতাসীন দলের সংসদ সদস্য, স্থানীয় নেতৃবৃন্দ ও প্রশাসনের কর্মকর্তাদের নেতৃত্বাধীন কলেজের ম্যানেজিং কমিটি এসব চাকরিচ্যুতি করে। এসব ঘটনায় নিম্ন ও উচ্চ আদালতের আদেশও তোয়াক্কা করা হচ্ছে না বলে অভিযোগ উঠেছে। গত সোমবার বগুড়া প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন বাংলাদেশ অধ্যক্ষ সমিতির কেন্দ্রীয় সভাপতি ও কলেজ শিক্ষক সমিতি বগুড়া জেলা শাখার সভাপতি সাবেক এমপি নূর আফরোজ বেগম জ্যোতি। তিনি লিখিত বক্তব্যে তার চাকরিচ্যুতির বর্ণনা দিয়ে বলেন, আমি শিবগঞ্জ এমএইচ ডিগ্রী কলেজের বৈধ অধ্যক্ষ হলেও আ'লীগ জোর করে আমাকে কাজ করতে দিচ্ছে না। আমি অসুস্থতার কারণে ছুটিতে থাকাকালে আমাকে সাসপেন্ড করা হয়েছে। এরপর আমি মামলা করলে আদালত তা স্থগিত করে। কিন্তু আমার অফিস কক্ষ তালা দিয়ে রাখা হয়। আমার বিরুদ্ধে আনা সকল অভিযোগ মিথ্যা প্রমাণ হলেও ক্ষমতার দাপটে যোগদান করতে দিচ্ছে না ক্ষমতাসীন দলের লোকেরা। তিনি আরো বলেন, স্থানীয় এমপি শিক্ষামন্ত্রীর সু-পারিশ নিলেও তাকে ম্যানেজিং কমিটির সভাপতি না করে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে অনিয়ম করা হচ্ছে। তিনি এ ব্যাপারে প্রধানমন্ত্রীর দৃষ্টি কামনা করেন। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বগুড়া এফ ইউ স্কুল ও কলেজের চাকরিচ্যুত অধ্যক্ষ আনোয়ার কামাল ও গোসাইবাড়ী ডিগ্রী কলেজের চাকরিচ্যুত অধ্যক্ষ দৌলতুজ্জামান।